অবিলম্বে প্রকাশের উদ্দেশ্যে: 5/22/2026 **গভর্নর ক্যাথি হোকল**

গভর্নর হোকল এই মেমোরিয়াল দিবসের উইকেন্ডে নেশাগ্রস্ত অবস্থায় এবং বেপরোয়াভাবে গাড়ি চালানোর বিরুদ্ধে কঠোর ব্যবস্থা নেওয়ার কথা ঘোষণা করেন

বাস্তবায়ন করার প্রচারাভিযানটি শুক্রবার, 22 মে থেকে 25 মে, সোমবার পর্যন্ত চলবে

ছুটির উইকেন্ডের জন্য নিউ ইয়র্ক স্টেট হাইওয়েগুলির নির্মাণ-সম্পর্কিত অল্প সময়ের জন্য যে লেন বন্ধ রাখা হয়েছে তা স্থগিত করা হবে

গভর্নর Kathy Hochul (ক্যাথি হোকল) আজ ঘোষণা করেন যে পুরো মেমোরিয়াল ডে সপ্তাহান্তজুড়ে অ্যালকোহল এবং মাদক সেবন করে অসংযতভাবে গাড়ি চালানো এবং বেপরোয়াভাবে গাড়ি চালানোর মোকাবেলা করতে আইন শৃঙ্খলা রক্ষাকারীগণ স্টেট ব্যাপী টহল বৃদ্ধি করবে। প্রয়োগের বর্ধিত সময়কাল 22 মে, শুক্রবার, সন্ধ্যা 6টায় শুরু হয়ে 25 মে, সোমবার, রাত 11টা পর্যন্ত চলবে। মেমোরিয়াল ডে হলো ভ্রমণের জন্য বছরের অন্যতম ব্যস্ততম ছুটির দিন এবং স্টেটের হাইওয়েগুলি থেকে নেশাগ্রস্ত এবং বেপরোয়া চালকদের অপসারণ করতে পুলিশ বাহিনী মোতায়েন করা থাকবে এবং নিশ্চিত করতে সহায়তা করবে যেন ভ্রমণকারীরা নিরাপদে তাদের গন্তব্যস্থলে পৌঁছাতে পারেন।

"আমরা নিশ্চিত করতে চাই যে, সবার গ্রীষ্মকালীন মৌসুমের শুরুটা যেন দারুণ হয় এবং রাস্তায় সবাই যেন নিরাপদে থাকেন," **গভর্নর Hochul (হোকল) বলেন।** "গাড়ির স্টিয়ারিং আপনার হাতে থাকলে, দায়িত্বশীলভাবে গাড়ি চালান এবং নেশাগ্রস্ত অবস্থায় কখনই গাড়ি চালাবেন না। এই ধরনের দায়িত্বজ্ঞানহীন এবং বিপজ্জনক আচরণের জন্য নিউ ইয়র্ক শূণ্য সহনশীল নীতি অনুসরণ করে।"

ব্যস্ত ছুটির উইকেন্ডের সময় ভ্রমণ সহজ করতে সাহায্য করার জন্য নিউ ইয়র্ক স্টেটের হাইওয়েসমূহে রাস্তা ও ব্রিজের নির্মাণ প্রকল্পসমূহের জন্য লেন স্বল্প-সময়ের জন্য যে বন্ধ রাখা হয়েছে তা স্থগিত করা হবে যা 22 মে, শুক্রবার সকাল 6টায় শুরু হবে এবং 26 মে, মঙ্গলবার, সকাল 6টা পর্যন্ত কার্যকর থাকবে।

গাড়িচালকদের সচেতন থাকা উচিত যে স্থায়ী কংক্রিটের বাধার পিছনে অথবা প্রয়োজনীয় জরুরি মেরামতের জন্য কিছু কাজ চলতে পারে। নির্মাণ কাজ বন্ধ রাখার স্থগিতাদেশটি নিউ ইয়র্ক স্টেটের ড্রাইভার্স ফার্স্ট ইনিশিয়েটিভ (Drivers First Initiative) এর সাথে সামঞ্জস্যপূর্ণ, যা সড়ক ও সেতুর কাজের কারণে যানজট এবং ভ্রমণ বিলম্ব কমাতে মোটর চালকদের সুবিধাকে অগ্রাধিকার দেয়।

মোটর যান দপ্তরের ভারপ্রাপ্ত কমিশনার Christian Jackstadt (ক্রিশ্চিয়ান জ্যাকস্টাডট) বলেন, "এটি ব্যস্ত গ্রীষ্মকালীন ভ্রমণের শুরু এবং সড়কে চলাচলকারী প্রত্যেকেরই গাড়ি চালানোর সময় নিরাপদ থাকা অবশ্যকর্তব্য। আমরা সবাই পরিবার ও বন্ধুদের সাথে আনন্দ করতে চাই, কিন্তু নেশাগ্রস্ত অবস্থায় গাড়ি চালানোর ফলে সৃষ্ট দুর্ঘটনাগুলো 100% প্রতিরোধযোগ্য। যখন পয়েন্ট A থেকে পয়েন্ট B-তে নিরাপদে পৌঁছানোর একাধিক বিকল্প রয়েছে এবং যার কোনোটিতেই নিজেকে কিংবা অন্য কাউকে কোনো দুর্ঘটনায় আহত বা নিহত হওয়ার ঝুঁকিতে পড়তে হয় না, তখন সেই নির্দিষ্ট বিকল্পটি বেছে নেওয়ার কোনো অজুহাতই থাকতে পারে না। ফোনের ক্ষেত্রেও একই কথা প্রযোজ্য; সেই টেক্সটটি আপনি থামা পর্যন্ত অপেক্ষা করতে পারে। বিচক্ষণ হন এবং নিরাপদ থাকুন।"

নিউ ইয়র্ক স্টেট পুলিশ সুপারিন্টেন্ডেন্ট Steven G. James (স্টিভেন জি. জেমস) বলেন, "মেমোরিয়াল ডে-র উইকেন্ডটি গ্রীষ্মকালীন ভ্রমণের ব্যস্ত মৌসুমের সূচনা করে, আর এই সময়ে স্টেট জুড়ে সর্বত্র আমাদের সদস্যদের আপনারা খুব ভালো করে দেখতে পাবেন এবং গাড়িচালকদের নিরাপত্তা নিশ্চিত করতে তারা কাজ করে যাবেন। গাড়ি চালানোর আগে আমরা আপনাদের সকলকে দায়িত্বশীল সিদ্ধান্ত নেওয়ার কথা মনে করিয়ে দিচ্ছি। নেশাগ্রস্ত অবস্থায়, বেপরোয়া এবং অন্যমনস্ক হয়ে গাড়ি চালানো জীবনকে ঝুঁকির মধ্যে ফেলে এবং নিউ ইয়র্কের সড়কপথে তা সহ্য করা হবে না। আপনি যদি সেলিব্রেট করার পরিকল্পনা করে থাকেন, তবে যাতায়াতের জন্য একজন নেশামুক্ত চালকের ব্যবস্থা রাখুন; ট্রাফিক আইন মেনে চলুন, গাড়ির গতি কমান, জরুরি সেবাকর্মী ও হাইওয়ে কর্মীদের পথ ছেড়ে দিন এবং সবাই যাতে নিরাপদে ঘরে ফিরতে পারেন তা নিশ্চিত করতে আমাদের সহায়তা করুন।"

থ্রুওয়ে অথোরিটির (Thruway Authority) এক্সিকিউটিভ ডিরেক্টর Frank G. Hoare (ফ্র্যাঙ্ক জি হোয়ার) বলেন, "এই মেমোরিয়াল ডে-র উইকেন্ডে, আমরা চাই যাতে সবাই নিরাপদে তাদের গন্তব্যে পৌঁছাতে পারেন এবং পৌঁছাতে যেন খুব বেশি দেরি না হয়। ছুটির উইকেন্ডে নির্মাণকাজ স্থগিত থাকলেও, আমরা গাড়িচালকদের স্মরণ করিয়ে দিচ্ছি যে, গাড়িচালকদের সহায়তা করার জন্য জরুরি সেবাকর্মী এবং আমাদের কর্মীরা সড়কে উপস্থিত থাকবেন। অনুগ্রহ করে গতি কমান এবং রাস্তার পাশে থাকা সকল যানবাহনের জন্য রাস্তার একপাশে সরে যান — এর ওপরই জীবন নির্ভর করছে। মোটরচালকদের নিরাপদ রাখার জন্য আমরা নিউ ইয়র্ক স্টেট পুলিশ ট্রুপ টি (Police Troop T)-এ আমাদের অংশীদারদের ধন্যবাদ জানাই।"

নিউ ইয়র্ক স্টেটের পরিবহন দপ্তরের (Department of Transportation) কমিশনার Marie Therese Dominguez (ম্যারি টেরেস ডমিঙ্গেজ) বলেন, "এই মেমোরিয়াল ডে উপলক্ষে বন্ধু ও পরিবারকে নিয়ে একটি লম্বা উইকেন্ড উপভোগ করবো, এই সময় আমাদেরকে সেই নারী পুরুষদের কথা মনে রাখা ও তাদের সম্মান জানানো উচিত যারা আমাদের দেশের স্বাধীনতা রক্ষা করতে চূড়ান্ত আত্মত্যাগ করেছেন। আমি সকলের প্রতি বিনীত আহ্বান জানাচ্ছি, অনুগ্রহ করে নেশামুক্ত ও সতর্ক অবস্থায় গাড়ি চালান, নির্ধারিত গতিসীমা মেনে চলুন, ফোন ব্যবহার বন্ধ রাখুন এবং জরুরি সেবাবাহন ও হাইওয়ে কর্মীদের জন্য গাড়ির গতি কমিয়ে একপাশে সরে যান। এই উইকেন্ডে ট্র্যাফিকের নিরাপদ প্রবাহ নিশ্চিত করতে, স্টেপরিবহন দপ্তর, জরুরি নয় এমন

সব নির্মাণ কর্মকাণ্ড স্থগিত রাখবে। এই উইকেন্ডে সকলকে নিরাপদে গন্তব্যে পৌঁছাতে সহায়তা করার জন্য আসুন আমরা সকলে যথাসাধ্য চেষ্টা করি।"

মোটরচালকেরা এই ছুটির উইকেন্ডে রাস্তার ধারের নিরাপত্তা তল্লাশি চৌকি এবং স্টেট পুলিশ ও সেই সাথে স্থানীয় ও কাউন্টির আইন শৃঙ্খলা রক্ষাকারী এজেন্সিসমূহের বর্ধিত টহল দেখার প্রত্যাশা করতে পারেন। কঠোর ব্যবস্থা নেওয়ার অংশ হিসেবে, আইন লঙ্ঘন করা মোটরচালকদের আরো সহজে শনাক্ত করতে সহায়তা করার জন্য ট্রুপাররা স্টেট পুলিশের চিহ্নিত যানবাহন এবং পরিচয় গোপন করা ট্র্যাফিক আইন রক্ষাকারী (Concealed Identity Traffic Enforcement, CITE) যানবাহন উভয়ই ব্যবহার করবে। CITE যানগুলো সাধারণ যানবাহনের সাথে মিশে থাকে, যা পুলিশ সদস্যদের গাড়ি চালানোর নিয়ম লঙ্ঘনগুলো আরও ভালোভাবে পর্যবেক্ষণ করতে সহায়তা করে; তবে জরুরি বাতিগুলো জ্বলে উঠলেই এগুলো যে পুলিশি যান, তা চিনতে বিন্দুমাত্র ভুল হয় না।

এই উদ্যোগটির জন্য গভর্নরের ট্র্যাফিক সেফটি কমিটি (Governor’s Traffic Safety Committee, GTSC) আংশিক তহবিল দেয়। GTSC এবং নিউ ইয়র্ক স্টেট নেশাগ্রস্ত অবস্থায় গাড়ি চালানোর জন্য বিশেষ ট্র্যাফিক বিকল্প কর্মসূচি (Special Traffic Options Program for Driving While Intoxicated, STOP-DWI) ফাউন্ডেশন মোটরচালকদের মনে করিয়ে দিচ্ছে যে তাদের "হ্যাভ এ প্ল্যান" মোবাইল অ্যাপটি Apple, Android এবং Windows স্মার্টফোনের জন্য উপলভ্য রয়েছে। অ্যাপটির মাধ্যমে ব্যবহারকারীরা ট্যাক্সি বা রাইডশেয়ার খুঁজে বের করতে ও কল করতে পারেন, নির্দিষ্ট চালকদের একটি তালিকা তৈরি করতে পারেন, নেশাগ্রস্ত বলে সন্দেহভাজন কোনো চালকের বিষয়ে রিপোর্ট করতে পারেন এবং স্টেটের DWI সংক্রান্ত আইন ও শাস্তিসমূহ সম্পর্কে জানতে পারেন।

2025 সালের মেমোরিয়াল ডে সপ্তাহান্তের বিশেষ অভিযান চলাকালীন, সমগ্র স্টেট জুড়ে আইন শৃঙ্খলা রক্ষাকারী সংস্থাগুলো যানবাহন ও ট্রাফিক আইন লঙ্ঘনের বিভিন্ন দায়ে 34,245টি টিকিট ইস্যু করেছে; যার মধ্যে 1404টি টিকিট ছিল নেশাগ্রস্ত অবস্থায় গাড়ি চালানোর দায়ে এবং 6,139টি টিকিট ছিল অতিরিক্ত গতিতে গাড়ি চালানোর দায়ে।

মোটরচালকদের স্টেটের মুভ ওভার আইন (Move Over Law) মেনে চলা, যে আইনে পুরো স্টেটের রাস্তায় আইন শৃঙ্খলা রক্ষাকারী, ফায়ার ট্রাক, অ্যাম্বুলেন্স, টো ট্রাক, রক্ষণাবেক্ষণ যানবাহন এবং বিকল হয়ে থাকা যানবাহন সহ থেমে থাকা সকল যানবাহনের জন্য গতি কমানো এবং রাস্তার একপাশে সরে যাওয়া বাধ্যতামূলক।

অন্যমনস্ক অবস্থায় গাড়ি চালানো কমানোর জন্য, স্টেট হাইওয়েগুলি জুড়ে পার্ক-ও-রাইড ফেসিলিটি, বিশ্রামের স্টপ, সার্ভিসের জায়গা ও পার্কিংয়ের জায়গা সহ টেক্সট স্টপের ব্যবস্থা করা হয়েছে। সব টেক্সট স্টপ খোলা থাকবে, যেখানে গাড়ি চালকদের তাদের মোবাইল ডিভাইস ব্যবহার করার জায়গা দেওয়া হবে। গাড়ি চালানোর সময় টেক্সট করা বিশেষ করে বিপজ্জনক, কারণ এতে মোটরচালকদের তাদের চোখ রাস্তা থেকে সরাতে হয়, স্টিয়ারিং থেকে হাত সরাতে হয় এবং গাড়ি চালানোর সময় তারা অন্যমনস্ক হয়ে যান।

থ্রুওয়ে-তে অবস্থিত 27টি পরিষেবা এলাকার সবগুলি এখন সপ্তাহের সাতদিন, 24 ঘণ্টা খোলা। মোটরচালকেরা থ্রুওয়ে কর্তৃপক্ষের ওয়েবসাইট ও iPhone এবং Android ডিভাইসে বিনামূল্যে ডাউনলোড করার জন্য উপলভ্য থাকা বিনামূল্যের মোবাইল অ্যাপ থেকে পরিষেবা এলাকাগুলি দেখতে পারবেন এবং সেই অনুযায়ী নিজেদের থামার স্থানের ব্যাপারে পরিকল্পনা করতে পারবেন। এছাড়াও, অ্যাপটি, চলার পথে মোটরচালকদের বাস্তব সময়ের ট্র্যাফিক ও দিকনির্দেশনা সংক্রান্ত সহায়তা প্রদান করে। এছাড়াও মোটরচালকেরা TRANSalert ইমেলগুলির জন্য সাইন আপ করতে পারবেন, যা থ্রুওয়ে সংলগ্ন যানবাহনের সাম্প্রতিক অবস্থা সম্পর্কে তথ্য প্রদান করে।

ভ্রমণকারীরা ভ্রমণের আগে 5-1-1 এ ফোন করে, 511 ওয়েবসাইট ভিজিট করে, অথবা App Store অথবা Google Play থেকে বিনামূল্যের 511NY মোবাইল অ্যাপটি ডাউনলোড করে NYSDOT এর 511NY দেখে নিতে পারবেন। বিনামূল্যে দেওয়া সেবাটি ব্যবহারকারীদেরকে রাস্তার অবস্থা চেক করতে, 2.219টি ট্রাফিক ক্যামেরার দৃশ্য দেখতে এবং বিমান ও ট্রানজিটের তথ্যের লিংক দেখতে দেয়। অ্যাপটিতে ড্রাইভ মোডের বৈশিষ্ট্য রয়েছে যা কোনও ব্যবহারকারী যখন গাড়ি চালান তখন তার বাছাই করা রাস্তার বিষয়ে শ্রবণযোগ্য সতর্কতা সরবরাহ করে, ঘটনা এবং নির্মাণ সম্পর্কে তাদের সতর্ক করে।

###

আরো সংবাদ পাওয়া যাবে এখানে www.governor.ny.gov -এ
নিউ ইয়র্ক স্টেট | এক্সিকিউটিভ চেম্বার | press.office@exec.ny.gov | 518.474.8418
গভর্নরের অফিস থেকে আপডেট পেতে সাইন-আপ করুন: ny.gov/signup | NEW YORK লিখে 81336 নম্বরে টেক্সট পাঠান

আনসাবস্ক্রাইব করুন